



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।

ফোনঃ-০২২২৩৩-৮৮৯৪৯
ই-মেইলঃ-dgmsme@krishibank.org.bd

ক্রেডিট বিভাগ

নং-বিকেবি-প্রকা/ক্রেবি(শাখা-০৪)এসএমই/৭(৯)/২০২১-২০২২/ ২৭৪৪(২২৫০)

তারিখঃ ২৭.০৬.২০২২

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় : সিএমএসএমই খাতের নারী উদ্যোক্তাদেরকে বিতরণকৃত ঋণ/বিনিয়োগের বিপরীতে প্রণোদনা সুবিধা প্রদান প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়ের এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্টের এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০২, তারিখঃ ২০/০৬/২০২২ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে (কপি সংযুক্ত)।

০২। উল্লেখিত বিষয়ে বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারীকৃত ১৭.০৮.২০২১ তারিখের এসএমইএসপিডি সার্কুলার নং-০৮ এবং ০৪/০৮/২০২১ তারিখের এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০৯ এর মাধ্যমে সিএমএসএমই খাতের নারী উদ্যোক্তাদেরকে উৎসাহ প্রদানের লক্ষ্যে যথাসময়ে ঋণ/বিনিয়োগ পরিশোধের জন্য ১% প্রণোদনা প্রদানসহ মাত্র ৫% সুদে ঋণ সুবিধা প্রদানের নির্দেশনা প্রদান করা হয়। কিন্তু দীর্ঘ সময় অতিবাহিত হওয়ার পরও ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ কাঙ্ক্ষিত গ্রাহকগণকে অত্র প্রণোদনা স্কীমের আওতায় ঋণ সুবিধা প্রদানে যথাযথ ভূমিকা রাখতে সক্ষম হচ্ছে না। যার ফলে আগ্রহী ঋণগ্রহীতাগণ বাংলাদেশ ব্যাংক কর্তৃক ঘোষিত এ সুবিধা গ্রহণে বঞ্চিত হচ্ছেন। উল্লেখ্য, কিছু কিছু ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বর্ণিত প্রণোদনার সুবিধা প্রাপ্তির ক্ষেত্রে যোগ্য গ্রাহক নির্ধারণে অসুবিধার সম্মুখীন হচ্ছে মর্মে বাংলাদেশ ব্যাংক-এর গোচরীভূত হয়েছে।

০৩। এলক্ষ্যে উল্লেখিত সার্কুলার লেটারের আওতায় সুবিধাপ্রাপ্ত গ্রাহক চিহ্নিতকরণে সৃষ্ট জটিলতা/অসুবিধা দূরীকরণে এ মর্মে জানানো যাচ্ছে যে, এসএমইএসপিডি সার্কুলার নং-০২, তারিখঃ ০৫/০৯/২০১৯ এর মাধ্যমে ‘স্মল এন্টারপ্রাইজ খাতে পুনঃঅর্থায়ন স্কীম’ শিরোনামে যে পুনঃঅর্থায়ন সুবিধা প্রদান করা হয়েছে তার আওতায় এখন থেকে শুধুমাত্র নারী উদ্যোক্তাগণই ঋণ সুবিধা ও বর্ণিত প্রণোদনা সুবিধা প্রাপ্ত হবেন। অত্র স্কীমের আওতায় ঋণগ্রহীতা পর্যায়ে সুদের হার হবে সর্বোচ্চ ৫% এবং যথাযথভাবে ও নির্ধারিত সময়ে পরিশোধ/সমন্বয় করার জন্য বাংলাদেশ ব্যাংক থেকে বর্ণিত গ্রাহকগণ ১(এক) শতাংশ হারে ইনসেন্টিভ সুবিধা প্রাপ্ত হবেন। এতদ্ব্যতীত যথাযথভাবে ঋণ ব্যবস্থাপনা করার দায়িত্বপ্রাপ্ত ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানও ১(এক) শতাংশ হারে প্রণোদনা সুবিধা প্রাপ্ত হবে।

০৪। এ স্কীমের আওতায় প্রণোদনার অর্থ প্রাপ্তির লক্ষ্যে সংযুক্ত “নমুনা ফর্ম” অনুযায়ী আবেদনপত্র দাখিল করতে হবে। এতদ বিষয়ে সার্কুলার ও সার্কুলার লেটারে বর্ণিত অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

০৫। এমতাবস্থায়, সিএমএসএমই খাতে নারী উদ্যোক্তাগণকে অগ্রাধিকার প্রদানপূর্বক নারী উদ্যোক্তা ঋণ/বিনিয়োগের পরিমাণ বৃদ্ধির জন্য প্রণোদনা সুবিধার আওতায় উপরোক্ত সার্কুলার ও সার্কুলার লেটারসমূহ অনুসরণপূর্বক অর্থায়ন করতে হবে। প্রণোদনা সুবিধা প্রাপ্তির লক্ষ্যে এ সংক্রান্ত প্রতিবেদন প্রতি ত্রৈমাস শেষ হওয়ার পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে সংযোজনী-ক-১ ও সংযোজনী-ক-২ মোতাবেক একীভূত তথ্যাদি (নমুনা আবেদনপত্রসহ) বিভাগীয় কার্যালয়সমূহ হতে ই-মেইলযোগে অত্র বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,

সংযুক্তিঃ বর্ণনামতে।


(মোহাম্মদ মঈনুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক

০২চলমান পাতা-০২

বিষয় : সিএমএসএমই খাতের নারী উদ্যোক্তাদেরকে বিতরণকৃত ঋণ/বিনিয়োগের বিপরীতে প্রণোদনা সুবিধা প্রদান প্রসঙ্গে।

নং-বিকেবি-প্রকা/ক্রেবি(শাখা-০৪)এসএমই/৭(৯)/২০২১-২০২২/২৭৪৪ (১২৮৮)

তারিখঃ ২৭.০৬.২০২২


সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয় ১/২/৩, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৫। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৬। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৭। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৮। নথি/মহানথি।


Muhammad
29/06/2022

(মুহাম্মদ মোশাররফ হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক

১৩/৬/২০২২
২২.০৬.২০২২



বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
www.bb.org.bd



এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট

এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০২

তারিখঃ আষাঢ় ০৬, ১৪২৯
জুন ২০, ২০২২

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়,

সিএমএসএমই খাতের নারী উদ্যোক্তাদেরকে বিতরণকৃত
ঋণ/বিনিয়োগের বিপরীতে প্রণোদনা সুবিধা প্রদান প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে এসএমইএসপিডি সার্কুলার নং-০৮, তারিখঃ ১৭/০৮/২০২১ এবং এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০৯, তারিখঃ ০৪/০৮/২০২১ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। উল্লিখিত সার্কুলার ও সার্কুলার লেটার এর মাধ্যমে সিএমএসএমই খাতের নারী উদ্যোক্তাদেরকে উৎসাহ প্রদানের লক্ষ্যে যথাসময়ে ঋণ/বিনিয়োগ পরিশোধের জন্য ১% প্রণোদনা প্রদানসহ মাত্র ৫% সুদে ঋণ সুবিধা প্রদানের নির্দেশনা প্রদান করা হয়। কিন্তু দীর্ঘ সময় অতিবাহিত হওয়ার পরও ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ কাক্ষিত গ্রাহকগণকে অত্র প্রণোদনা স্কীমের আওতায় ঋণ সুবিধা প্রদানে যথাযথ ভূমিকা রাখতে সক্ষম হচ্ছে না। যার ফলে অগ্রহী ঋণগ্রহীতাগণ বাংলাদেশ ব্যাংক কর্তৃক ঘোষিত এ সুবিধা গ্রহণে বঞ্চিত হচ্ছেন। উল্লেখ্য, কিছু কিছু ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বর্ণিত প্রণোদনার সুবিধা প্রাপ্তির ক্ষেত্রে যোগ্য গ্রাহক নির্ধারণে অসুবিধার সম্মুখীন হচ্ছে মর্মে বাংলাদেশ ব্যাংক-এর গোচরীভূত হয়েছে।

০৩। এক্ষেপে, সূত্রোল্লিখিত সার্কুলারের আওতায় সুবিধাপ্রাপ্ত গ্রাহক চিহ্নিতকরণে সৃষ্ট জটিলতা/অসুবিধা দূরীকরণে এ মর্মে জানানো যাচ্ছে যে, এসএমইএসপিডি সার্কুলার নং-০২, তারিখঃ ০৫/০৯/২০১৯ এর মাধ্যমে 'স্মল এন্টারপ্রাইজ খাতে পুনঃঅর্থায়ন স্কীম' শিরোনামে যে পুনঃঅর্থায়ন সুবিধা প্রদান করা হয়েছে তার আওতায় এখন থেকে শুধুমাত্র নারী উদ্যোক্তাগণই ঋণ সুবিধা ও বর্ণিত প্রণোদনা সুবিধা প্রাপ্ত হবেন। অত্র স্কীমের আওতায় ঋণগ্রহীতা পর্যায়ে সুদের হার হবে সর্বোচ্চ ৫% এবং যথাযথভাবে ও নির্ধারিত সময়ে পরিশোধ/সমন্বয় করার জন্য বাংলাদেশ ব্যাংক থেকে বর্ণিত গ্রাহকগণ ১(এক) শতাংশ হারে ইনসেনটিভ সুবিধা প্রাপ্ত হবেন। এতদ্ব্যতীত যথাযথভাবে ঋণ ব্যবস্থাপনা করার দায়িত্বপ্রাপ্ত ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানও ১(এক) শতাংশ হারে প্রণোদনা সুবিধা প্রাপ্ত হবে।

০৪। এ স্কীমের আওতায় প্রণোদনার অর্থ প্রাপ্তির লক্ষ্যে সংযুক্ত "নমুনা ফর্ম" অনুযায়ী আবেদনপত্র দাখিল করতে হবে। এতদ্ব্যতীত সার্কুলার ও সার্কুলার লেটারে বর্ণিত অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

০৫। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারা এবং আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ১৮ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

০৬। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

সংযুক্তি: ০২ (দুই)

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ জাকের হোসেন)
পরিচালক (এসএমইএসপিডি)
ফোনঃ ৯৫৩০৫০২

নমুনা আবেদন পত্র

সূত্র নম্বরঃ

তারিখঃ-----

মহাব্যবস্থাপক

এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা।

মহোদয়,

সিএমএসএমই খাতের নারী উদ্যোক্তাদেরকে বিতরণকৃত ঋণ/বিনিয়োগের বিপরীতে প্রণোদনা সুবিধা প্রদান প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, এসএমইএসপিডি সার্কুলার নম্বর-৮/২০২১ এবং এসএমইএসপিডি সার্কুলার লেটার নম্বর ০২/২০২২ এর আওতায় সংশ্লিষ্ট সকল বিধিবিধান পরিপূর্ণভাবে পরিপালনপূর্বক সিএমএসএমই খাতের নারী উদ্যোক্তাদেরকে ১ জুলাই, ২০২১ হতে অদ্যাবধি মোট -----(কথায়ঃ টাকা----) অর্থায়ন করা হয়েছে। উক্ত অর্থায়নের বিপরীতে দাবীকৃত প্রণোদনার বিস্তারিত বিবরণ নিম্নে উল্লেখ করা হলোঃ

ত্রেমাসের নামঃ

ঋণ/বিনিয়োগের ধরণ	ঋণ বা বিনিয়োগের পরিমান/সীমা	আলোচ্য ঋণের বিপরীতে 'স্মল এন্টারপ্রাইজ খাতে পুনঃঅর্থায়ন স্কীম' হতে গৃহীত পুনঃঅর্থায়নের পরিমান	মোট দাবীকৃত প্রণোদনার পরিমান	গ্রাহকের বিপরীতে দাবীকৃত প্রণোদনার পরিমান	মন্তব্য
মেয়াদী ঋণ					
চলমান ঋণ*					
মোট					

* চলমান ঋণের ক্ষেত্রে ফান্ডেড অংশের বিপরীতে প্রণোদনা হিসাবায়ন করা হয়েছে।

এমতাবস্থায়, সিএমএসএমই খাতের নারী উদ্যোক্তাদেরকে বিতরণকৃত ঋণ/বিনিয়োগের বিপরীতে ----- ত্রেমাসে মোট----- (কথায়ঃ টাকা-----) প্রণোদনা সুবিধা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাদেরকে অনুরোধ জানানো হলো।

আপনাদের বিশ্বস্ত

সংযুক্তঃ সংযোজনী ক-২

(-----)

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী/বিদেশী ব্যাংক

এর ক্ষেত্রে বাংলাদেশ অপারেশনের প্রধান

ফোন নম্বরঃ

ই-মেইলঃ

সিএমএসএমই খাতের নারী উদ্যোক্তাদেরকে বিতরণকৃত ঋণ/বিনিয়োগের বিপরীতে প্রণোদনা সুবিধা দাবী সংক্রান্ত বিবরণী।

ব্যাকের নামঃ

ট্রেমাসের নামঃ

ক্রমিক	শাখার নাম ও ঠিকানা	নারী উদ্যোক্তা প্রতিষ্ঠানের নাম	প্রতিষ্ঠানের ঠিকানা	প্রতিষ্ঠানের ট্রেড লাইসেন্স নম্বর	নারী উদ্যোক্তার নাম	এনআইডি নং	মোবাইল নং	উদ্যোগের ধরণ (কুটির/মাইক্রো/ক্ষুদ্র/মারি)	ঋণ/বিনিয়োগ হিসাব নং	ঋণ/বিনিয়োগ মঞ্জুরীর তারিখ	মঞ্জুরীকালীন ঋণ/বিনিয়োগের মেয়াদ	মঞ্জুরীকৃত মূলধন/বিনিয়োগের পরিমাণ	সুদ/মুনাফার হার	বিতরণকৃত মূলধন/বিনিয়োগের পরিমাণ	আদায়কৃত মূলধন/বিনিয়োগের পরিমাণ	ঋণ/বিনিয়োগ বিতরণের তারিখ	বিবেচনামূলক সময়ে অর্জিত সুদ/মুনাফার পরিমাণ	সংশ্লিষ্ট ঋণ/বিনিয়োগের বিপরীতে দাবীকৃত প্রণোদনার পরিমাণ		
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬	১৭	১৮	১৯	২০	২১=(১৯+২০)
মোট পরিমাণ																				

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নামঃ

পদবীঃ

অফিস ফোন নংঃ

মোবাইল ফোন নংঃ

ই-মেইলঃ